



কৃষিই সমৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
তুলা উন্নয়ন বোর্ড
হিসাব শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০২.২০.০৪১.১৬.৮১

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭

৩০ মে ২০২০

বিষয়: বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিনেঙ্গিয়াল সার্ভিস "নগদ" এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেটনীর ভাতা প্রদান।

সূত্র: ১২.০০.০০০০.০১২.৩২.০০২.১৬.৪৫৩ ২৭ মে ২০২০

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৬ মার্চ ২০১৯ তারিখে ডাক বিভাগের ডিজিটাল ফিনেঙ্গিয়াল সার্ভিস "নগদ" এর শুভ উদ্বোধন করেছেন। উদ্বোধনকালে তিনি দেশের সকল প্রকার সরকারি ভাতা বিতরণে এবং সকল প্রকার সরকারি বিল গ্রহণে বাংলাদেশ ডাক বিভাগকে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করে যাওয়ার কথা ব্যক্ত করেছেন এবং এই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী একটি অনুশাসন জারি করেছেন। "নগদ" সরকারের ডাক বিভাগের ডিজিটাল ফিনেঙ্গিয়াল সার্ভিস। এর মাধ্যমে বাংলাদেশের সাধারণ মানুষের প্রতিদিনের সব ধরনের আর্থিক লেনদেন সম্ভব হবে, জীবন হবে সহজ। বর্তমানে "নগদ" সেবা প্রদানের জন্য বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে রয়েছে ৯,৮৮৬টি ডাকঘর এবং ১,৭০,০০০ (এক লক্ষ সত্তর হাজার) এর বেশি "নগদ" উদ্যোক্তা পয়েন্ট। চলমান বিশাল এই ডিজিটাল ফিনেঙ্গিয়াল সার্ভিস নেটওয়ার্ক অতি সহজে সাশ্রয়ী মূল্যে এবং অতি দ্রুত সেবা প্রদানে বদ্ধ পরিকর। "নগদ" হলো দেশের একমাত্র ডিজিটাল ফিনেঙ্গিয়াল সার্ভিস, যা সম্পূর্ণভাবে একটি সরকারি সেবা। "নগদ" এর মাধ্যমে সরকারি ভাতা বন্টন হলে দেশের টাকা দেশে থাকা নিশ্চিত হবে।

০২। বর্ণিত অবস্থায়, মন্ত্রণালয়ের সূত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ অধীনস্থ সকল কার্যালয়ের সকল প্রকার সরকারি ভাতা এবং সকল সরকারি বিল "নগদ" এর মাধ্যমে সংগ্রহ/বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০-৫-২০২০

ড. মোঃ ফরিদ উদ্দিন

নির্বাহী পরিচালক

বিতরণ :

১) উপপরিচালক, ঢাকা/রংপুর/যশোর/চট্টগ্রাম

২) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা,

ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/বগুড়া/ঠাকুরগাঁও।/যশোর/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/ঝিনাইদহ/খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।/রংপুর

- ৩) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)
- ৪) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, মাহিগঞ্জ, রংপুর
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, বালাঘাটা, বান্দরবান
- ৬) কীটপতঙ্গ বিশেষজ্ঞ, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড
- ৭) স্টোর কাম ফিল্ডম্যান, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০২.২০.০৪১.১৬.৮১/১(২)

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭
৩০ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
- ২) উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়



৩০-৫-২০২০
ড. মোঃ ফরিদ উদ্দিন
নির্বাহী পরিচালক